



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
কার্যালয়ঃ ২২৯/১ জেল রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ
ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)
www.mymensingheducationboard.gov.bd

নং- মশিৰো/বিদ্যা/১৫/২০১৯/৭৪৮

তারিখঃ ১৮/১০/২০২৩ খ্রি

বিষয়ঃ ৪ মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১২৬৩৫/২০২৩ এর আদেশ নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ৪(১) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১২৬৩৫/২০২৩ এর আদেশ।

সূত্রঃ ৪(২) জনাব মোঃ আনোয়ার উদ্দীন আহমেদ প্রধান শিক্ষক এর ২০/০৯/২০২৩ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন “শহীদ জিয়া উচ্চ বিদ্যালয়” এর প্রধান শিক্ষক জনাব মোঃ আনোয়ার উদ্দীন আহমেদ ২০/০৯/২০২৩ খ্রি। তারিখে তাঁর বিদ্যালয়ের ২০২২ সালের ৮ম শ্রেণীর একজন শিক্ষার্থীর নাম সৌরভ আহমেদ শিহাব এর রেজিস্ট্রেশন তালিকা (ইতোমধ্যে ফলাফল প্রকাশসহ সকল কার্যক্রম সম্পাদিত) হতে বাদ পড়ায় তা অন্তর্ভুক্তির জন্য বোর্ডের চেয়ারম্যান মহোদয় বরাবর আবেদন করেন। পর্যবেক্ষণে দেখা যায় বোর্ড গত ১১/০৯/২০২২ খ্রি। তারিখে রেজিস্ট্রেশন কার্যক্রম ১৫/১০/২০২২ খ্রি। তারিখের মধ্যে সম্পন্ন করার বিজ্ঞপ্তি প্রকাশ করে এবং ১২/১০/২০২২ খ্রি। তারিখে পুনরায় সময় বর্ধিত করে (১৬/১০/২০২২ হতে ৩০/১০/২০২২ খ্রি। তারিখ পর্যন্ত) বিজ্ঞপ্তি প্রকাশ করে। গত ১৮/০৬/২০২৩ খ্রি। তারিখে অত্র বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠান সমূহকে রেজিস্ট্রেশনকৃত সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড নিজ নিজ প্রতিষ্ঠান হতে প্রিন্ট করে শিক্ষার্থীদের মাঝে বিতরণ করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করে। উল্লেখ্য যে, বাদ পড়া শিক্ষার্থীদের বৃহৎ ঘার্থে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য ০২/০৭/২০২৩ খ্রি। পর্যন্ত বোর্ডের রেজিস্ট্রেশন প্যানেল খোলা রাখা হয়। পরবর্তীতে ফলাফল প্রকাশের লক্ষ্যে ০৩/০৭/২০২৩ খ্রি। তারিখে রেজিস্ট্রেশন সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করে জাতীয় সার্ভারে (টেলিটকে) প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

এমতাবস্থায়, প্রধান শিক্ষক এর ২০/০৯/২০২৩ তারিখের আবেদন অনুযায়ী শিক্ষার্থীর ২০২২ সালে রেজিস্ট্রেশন করার কোন সুযোগ নাই। তদপ্রেক্ষিতে, বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২৩ সালের চলমান ৮ম শ্রেণীর রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হলো।

উক্ত বিষয়টি এতদ্রূপে নিষ্পত্তি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রাপকঃ

প্রধান শিক্ষক,

“শহীদ জিয়া উচ্চ বিদ্যালয়”

উপজেলাঃ সদর, জেলাঃ ময়মনসিংহ।

ড. মোঃ দিদারুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

মেমো নং- ৭৪৮(৮)

তারিখঃ ১৮/১০/২০২৩ খ্রি

অবগতি ও প্রয়োজনীয় কার্যালয়ে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৬। সহকারি প্রোগ্রাম, অত্র বোর্ড (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধসহ)।
- ৭। জনাব মোঃ সাইদুল ইসলাম (পিটিশনার)
- ৮। অফিস কপি।

১৮.১০.২০২৩
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।
১৮.১০.২০২৩